



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৩৫.২০১৯/৪৩১৫/৬

তারিখ: ১৭/০৮/২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ খুলনা জেলার দৌলতপুর উপজেলাধীন দৌলতপুর কলেজ (দিবা-নৈশ)-এর ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের প্রভাষক জনাব মোল্লা মিজানুর রহমানের এমপিওভুক্তি সংক্রান্ত।

সূত্রঃ ০১. মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৩৫০২/২০২২

০২. জনাব মোল্লা মিজানুর রহমানের ১৫/০৩/২০২৩খ্রি. তারিখের আবেদন।

০৩. মাউশি অধিদপ্তরের স্মারক নং-৭জি-১২৭(ক-৩)/অংশ-২/০৮/৪৭১৬/৭; তারিখ: ১৩/০৯/২০১৭খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার দৌলতপুর উপজেলাধীন দৌলতপুর (দিবা-নৈশ) কলেজের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের প্রভাষক জনাব মোল্লা মিজানুর রহমান নিয়োগের তারিখ থেকে জ্যেষ্ঠতা গননাপূর্বক এমপিওভুক্তির আবেদন করেন। বর্ণিত বিষয়ে রিট পিটিশন নং-৩৫০২/২০২২ দায়ের করেন। মামলা বিষয়ে মতামত প্রদানের জন্য আইন শাখায় প্রেরণ করা হয়।


আইন শাখার মতামত: “রিট পিটিশন নং-৩৫০২/২০২২-এ সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়সহ ০৬ (ছয়)জন বিবাদী করা হয়েছে। কিন্তু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর- কে বিবাদী করা হয় নি। উক্ত রিট পিটিশনে মহামান্য আদালত বিবাদীগণের প্রতি কারণ দর্শানোর রুলজারিসহ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন। অন্তর্বর্তীকালীন আদেশে বিবাদীগণ কে রুল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত ০৬/০৮/২০১৭খ্রি. তারিখের পরিপত্র অনুযায়ী পিটিশনার কে পূর্ণ বেতন ও ভাতা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়। আদেশটি নিম্নরূপ:

Pending hearing of the Rule, the respondents are hereby directed to pay the petitioner full salary and benefits according to circular dated 06.08.2017 (Annexure-L to the writ petition) within 30 (thirty) days from the date of receipt of the copy of this order.

মহামান্য হাইকোর্ট বিভাগের উপরোক্ত আদেশ বাস্তবায়ন না হওয়ায় পিটিশনার জনাব মোল্লা মিজানুর রহমান মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৩২১/২০২২ দায়ের করেন। উক্ত কনটেম্পট মামলায় বিবাদীগণের প্রতি রুলজারি করা হয়।

এমতাবস্থায়, বর্ণিত প্রতিষ্ঠানের ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ের প্রভাষক জনাব মোল্লা মিজানুর রহমান অনার্স পর্যায়ের নিয়োগকৃত শিক্ষক বিধায় তার এমপিওভুক্তির সুযোগ নাই।

বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।


17-08-23

(তপন কুমার দাস)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@ dshe.gov.bd

বিতরণ:

১. সভাপতি, পরিচালনা পরিষদ

দৌলতপুর (দিবা-নৈশ) কলেজ, দৌলতপুর, খুলনা।

২. অধ্যক্ষ

দৌলতপুর (দিবা-নৈশ) কলেজ, দৌলতপুর, খুলনা।

৩. জনাব মোল্লা মিজানুর রহমান

প্রভাষক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), দৌলতপুর (দিবা-নৈশ) কলেজ, দৌলতপুর, খুলনা।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা;

২. শিক্ষা অফিসার (আইন-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পত্রটি মহামান্য আদালতকে অবহিত করার অনুরোধসহ);

৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);

৪. জেলা শিক্ষা অফিসার, খুলনা (পত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ);

৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দৌলতপুর, খুলনা (পত্র প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার অনুরোধসহ);

৬. সংরক্ষণ নথি।